ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৫১

আগরতলা, ১৬ মে, ২০২৫

**সতিন্দর কুমার ভাল্লা এনইসি-র নতুন সচিব নিযুক্ত**

ইন্ডিয়ান টেলিকমিউনিকেশন সার্ভিস-এর বরিষ্ঠ আধিকারিক সতিন্দর কুমার ভাল্লা উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের (এনইসি) নতুন সচিব নিযুক্ত হয়েছেন। এনইসি-র নতুন সচিব হিসেবে তিনি দায়িত্বভার গ্রহণ করেছেন ১ এপ্রিল থেকে। উত্তর পূর্বাঞ্চলের আর্থসামাজিক উন্নয়নে কেন্দ্রীয় এজেন্সী হিসেবে এনইসি-র যে লক্ষ্য রয়েছে তিনি সেই লক্ষ্যকে আরও এগিয়ে নিয়ে যাবেন বলে এনইসি সূত্রে জানানো হয়েছে।

সাম্প্রতিককালে ত্রিপুরাতে এনইসি-র যে সমস্ত প্রকল্প বাস্তবায়িত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য মনপুই থেকে দামছড়া পর্যন্ত ৪৪-ক জাতীয় সড়কের উন্নতি। এই প্রকল্পে ব্যয় হয়েছে ৮৪.৭৯ কোটি টাকা। এবছর মার্চ মাসে এই কাজ শেষ হয়েছে। এই প্রকল্পের বাস্তবায়ণের ফলে ৯টি গ্রামের ২,৬৮,৬১১ জন লোক সরাসরি উপকৃত হয়েছেন। অন্যদিকে গন্ডাছড়া-রইস্যাবাড়ি সড়কের ৮ কিমি অংশেরও উন্নতিকরণ হয়েছে। এই প্রকল্পে মঞ্জুরির পরিমাণ ছিল ২১.৮২ কোটি টাকা।

উত্তর পূর্বাঞ্চলের উন্নতিকল্পে আরও একটি নতুন প্রকল্প হচ্ছে এনই স্পার্কস বা নর্থ ইস্ট স্টুডেন্টস প্রোগ্রাম ফর অ্যাওয়ারনেস, রিচ এন্ড নলেজ অন স্পেস। এই অভিনব প্রকল্পে উত্তর পূর্বাঞ্চলের ৮০০ জন (প্রতিটি রাজ্য থেকে ১০০ জন করে) বিজ্ঞান নিয়ে পাঠরত ছাত্রছাত্রীকে ব্যাঙ্গালুরুর ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনে (ইসরো) পরিদর্শন করার সুযোগ করে দেওয়া হয়, যাতে তাদের মনে মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে কৌতুহল জাগানো ও সচেতন করা যায়। এখন পর্যন্ত ১০০ জন ছাত্রছাত্রী এই সুযোগ পেয়েছে। এই প্রকল্পটি হচ্ছে ডোনার মন্ত্রক, এনইসি, ইসরো এবং নর্থ ইস্টার্ন স্পেস এপ্লিকেশনস সেন্টার এর যৌথ উদ্যোগ।

তাছাড়া কৃষি ও উদ্যান ক্ষেত্রে প্রযুক্তিকে ব্যবহার, উৎপাদনকারী, ক্রেতা এবং পরিষেবা প্রদানকারীদের মধ্যে যোগাযোগের সুবিধা করে দিতে কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ২০২৪-এর ১২ জুলাই নর্থ ইস্টার্ন রিজিওন্যাল এগ্রি কমোডিটি ই-কানেক্ট (NERACE) পোর্টালের উদ্বোধন করেন। এই পোর্টালের মাধ্যমে এই ক্ষেত্রের অংশীদারদের মধ্যে আদান প্রদানে সুবিধা হয়েছে, বাজার ও সাপ্লাই চেইন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রক্রিয়া সহজ হয়েছে এবং কৃষকদের মধ্যে পারস্পরিক উন্নতিকল্পে আদান প্রদান বেড়েছে। শুধুমাত্র ২০২৫ এর এপ্রিল মাসেই এই অঞ্চলের রাজ্যগুলির মধ্যে কৃষিজাত পণ্যভিত্তিক বাণিজ্যের পরিমাণ দাড়িয়েছে ৪৯ লক্ষ টাকা।

******